

Ring and Ride  
User Handbook

রিং এবং রাইড  
সেবার ব্যবহারকারীদের জন্য হ্যান্ডবুক

- উলভারহ্যাম্পটন (Wolverhampton) ● ওয়ালসল্ (Walsall)  
● বার্মিংহাম (Birmingham) ● ডাডলী (Dudley) ● স্যান্ডওয়েল (Sandwell)  
● সলিহাল্ (Solihull) ● কভেন্দ্রী (Coventry)

ওয়েষ্ট মিডল্যান্ডস্ স্পেশাল নীডস্ ট্রান্সপোর্ট

# সূচীপত্র

	পৃষ্ঠা
• ভূমিকা	2
• রিং এবং রাইড বলতে কি বুঝায়?	3
• আপনার ভ্রমণের জন্য বুকিং করা	5
• আমি কি রিং এবং রাইড সার্ভিস্ ব্যবহার করতে পারব?	6
• কিভাবে নাম রেজিস্টারী করতে হয়?	7
• একটি ভ্রমণের জন্য বুকিং করা	11
• ভাড়া পরিশোধ করা	15
• ট্র্যাভেল এ্যাডভাইস্	16
• দীর্ঘ দূরত্বের রাস্তা ভ্রমণ করা - ক্রস্ বাউন্ডারী	18
• কাষ্টমার কেয়ার - রিং এবং রাইড সার্ভিস্ ব্যবহার করে নিরাপদে ভ্রমণ করা	20
• আরও বিস্তারিত তথ্যাদি জানা এবং সার্ভিসের বিষয়ে মন্তব্য করা	23
• বিশেষ ছাড়কৃত মূল্যে পাসের বিষয়ে তথ্যাদি	28
• অন্যান্য তথ্যাদি	29
• চ্যারিটিটির কার্যাবলীর উন্নয়ন	30

# ভূমিকা

দি ওয়েষ্ট মিডল্যান্ডস্ স্পেশাল নীডস্ ট্রান্সপোর্ট চ্যারিটি ট্রাস্টীজ এরং  
চেয়ার পার্সন রেনী স্পেকটর এম,বি,ই এর বাণী

“রিং এবং রাইড সেবার ব্যবহারকারীদের জন্য হ্যান্ডবুক - পড়তে আপনাকে স্বাগতম  
জানাচ্ছি।

১৯৮০ এর দশকের মাঝামাঝি সময়ে ওয়েষ্ট মিডল্যান্ডস্ স্পেশাল নীডস্ ট্রান্সপোর্ট চ্যারিটিটি প্রতিষ্ঠিত  
হয়, তখন চলাফেরায় অক্ষম লোকজন সহজে ব্যবহার করতে পারেন, এমন ধরনের পাবলিক  
ট্রান্সপোর্টের কোন ধারণা ছিল না। চ্যারিটিটির প্রতিষ্ঠাতা বুঝতে পারেন যে, ঘর থেকে বের হয়ে গন্তব্য  
স্থানে ঘরে পৌঁছানোর জন্য একটি ট্রান্সপোর্ট সার্ভিসের প্রয়োজন এবং এরপর থেকে এমন ধরনের একটি  
সার্ভিসের চাহিদা গত বছরগুলোতে বাড়তে থাকে।

‘ওয়েষ্ট মিডল্যান্ডস্ প্যাসেঞ্জার ট্রান্সপোর্ট অথরিটি-র সমর্থনে ‘ওয়েষ্ট মিডল্যান্ডস্ রিং এবং রাইড  
সার্ভিস’টি সারা যুক্তরাজ্যে এ ধরনের সার্ভিসের মধ্যে সবচেয়ে বড় অপারেটর হতে সক্ষম হয়েছে।  
যাহউক, এখনও করার মত অনেক কিছু বাকী রয়েছে - যদিও বছরে ২ মিলিয়ন ভ্রমণের ব্যবস্থা করা হয়  
তথাপি সকল ভ্রমণের চাহিদা মেটাতে সার্ভিসটি এখনও অপরিপূর্ণ। এছাড়াও বৃদ্ধ/বৃদ্ধাদের সংখ্যা বাড়তে  
থাকায় এবং যদিও ফ্লোর নীচে নামানো যায় এরূপ বাসের সংখ্যা দিন দিন বাড়ছে, তারপরও অধিকাংশ  
সেবার ব্যবহারকারীদের জন্য বাস স্টপে পৌঁছানো অসম্ভব হয়ে দাঁড়ায়।

সার্ভিসটিকে আরও বর্ধিত করা চালিয়ে যেতে চ্যারিটিটি সংকল্পবদ্ধ এবং তা বাস্তবায়নের জন্য ২০০৩ইং  
সনের সেপ্টেম্বর মাস থেকে ‘ক্রস বাউন্ডারী সার্ভিস’ চালু করা হবে আরেকটি পদক্ষেপ।

সার্ভিসটি থেকে আপনি যাতে সর্বাধিক সাহায্য পান সে লক্ষ্যে এই হ্যান্ডবুকটি প্রকাশিত হয়েছে, যাতে  
সার্ভিসটি কিভাবে কাজ করে এবং কি কি সেবা পাওয়ার ব্যবস্থা রয়েছে সে বিষয়ে বিস্তারিতভাবে বর্ণিত  
হয়েছে। আমি আশা করি, আপনি হ্যান্ডবুকটি থেকে উপকৃত হবেন এবং রিং এবং রাইড সার্ভিসটি  
আপনার ব্যক্তিগত ভ্রমণে বা চলাচলে একটি ভূমিকা রাখবে।”

## রিং এবং রাইড বলতে কি বুঝায়?

সীমিতভাবে চলাফেরা করতে পারেন কমিউনিটির এমন অনেক লোকদের জন্য একা একা চলাফেরা করা একটি বড় ধরনের সমস্যা। এটা তাদের পছন্দনীয় জীবন-যাপনে বাঁধা হয়ে দাঁড়ায়, কারণ তাদের বিভিন্ন পছন্দ এবং সুযোগ-সুবিধায় এটা প্রতিবন্ধকতার সৃষ্টি করে।

উক্ত সমস্যার মোকাবিলার জন্য যাত্রীদেরকে ঘরের দরজা থেকে উঠিয়ে গন্তব্য স্থানের দরজায় নিয়ে পৌঁছিয়ে দেবার জন্য রি এবং রাইড বাস সার্ভিস প্রদান করে এবং এর লক্ষ্য হল ব্যক্তিগতভাবে লোকদের ভ্রমণের চাহিদা মিটানো।

বছরের ৩৬৫ দিন সকাল ৮টা থেকে রাত ১১টা পর্যন্ত সার্ভিসটি পাওয়া যায়, তাই লোকজনেরা কখন ভ্রমণ করবেন সে বিষয়ে অধিক পছন্দ থাকে।

সারা ওয়েস্ট মিডল্যান্ডস্ জুড়ে প্রতি বছর আমরা ২ মিলিয়ন ভ্রমণের ব্যবস্থা করি, যা এর খুব বেশী এবং ক্রমাগতভাবে বাড়ন্ত চাহিদার প্রতিফলন। সীমিত সম্পদের কারণে সব সময় ভ্রমণের জন্য অনুরোধ রক্ষা করা সম্ভব হয় না। যাহউক, ভ্রমণের সময়ের ব্যাপারে নমনীয় হওয়ার মাধ্যমে আপনার ভ্রমণের সুযোগ বাড়াতে সাহায্য করতে পারেন।

সার্ভিসটির মূল লক্ষ্য হচ্ছে, স্থানীয় বিভিন্ন গন্তব্যস্থানসমূহে এবং পার্শ্ববর্তী অপারেটিং এলাকায় আধা মাইল পর্যন্ত বিভিন্ন স্থানে যাত্রীদের ভ্রমণের জন্য সেবা প্রদান করা। সীমিতভাবে ‘ক্রস্ বাউন্ডারী’ সার্ভিসের মাধ্যমে রিং এবং রাইড সার্ভিসকে স্থানীয় ট্রেন এবং মেট্রো সহকারে অন্যান্য ট্রান্সপোর্ট অপারেটরের সঙ্গে সংযোগ করার মাধ্যমে অতিরিক্ত সুযোগ-সুবিধার ব্যবস্থা রয়েছে। এর মাধ্যমে সেবার ব্যবহারকারীগণ ওয়েস্ট মিডল্যান্ডস্ এর সর্বত্র ভ্রমণ করতে পারবেন।

### এই হ্যান্ডবুকটির ব্যবহার

সার্ভিসটি কিভাবে কাজ করে তার একটি পরিপূর্ণ ব্যাখ্যা এই হ্যান্ডবুকটিতে দেয়া হয়েছে। এটা সার্ভিসের ব্যবহারকারীদের জন্য একটি “ওয়ান-স্টপ” গাইড যার মাধ্যমে তাঁরা জানতে পারবেন সার্ভিসটি কার্যকরভাবে কি করে ব্যবহার করাতে হয়।



## আপনার ভ্রমণের জন্য বুকিং করা

রিং করার জন্য নম্বরসমূহ এবং ফোন করার সময়-সূচী

### আপনার রেজিস্ট্রেশন নম্বর:

কখন আপনার ফোন করতে হবে      টেলিফোন নম্বর      যে সময়ের মধ্যে ফোন করতে হবে

ছই দিন পূর্বে বুকিং করা

এক দিন পূর্বে বুকিং করা

ভ্রমণের দিন বুকিং করা

বাউন্ডারী লাইনের বাইরে অন্য

এলাকায় ভ্রমণ করা

আপনার ভ্রমণটি বাতিল করতে

আরও বিস্তারিত তথ্যাদির জন্য

ই-মেইল ঠিকানা

ওয়েবসাইট ঠিকানা

[www.ringandride.org](http://www.ringandride.org)

### আপনাকে সাহায্য করার জন্য আমাদেরকে সাহায্য করতে কিছু সাহায্যকারী পরামর্শ

- যখনই সম্ভব সর্বদা ছই দিন আগে বুক করতে চেষ্টা করবেন।
- সর্বদা রেজিস্ট্রেশন নম্বর এবং আপনার ভ্রমণের বিবরণী হাতের কাছে রাখবেন।
- দয়া করে আপনার ভ্রমণের সময়ের ব্যাপারে যথাসম্ভব নমনীয় থাকতে চেষ্টা করবেন।
- দয়া করে চেষ্টা করবেন যত সংক্ষেপে কথা বলা যায়, যাতে অন্যরাও লাইন পেতে পারেন।

## আমি কি রিং এবং রাইড সার্ভিস্ ব্যবহার করতে পারব?

রিং এবং রাইড সার্ভিস্ ব্যবহারের জন্য যোগ্য হতে হলে আপনাকে অবশ্যই নিম্নোক্ত শর্তাদি পূরণ করতে হবে।

- চলাফেরা করতে আপনার এমন কোন একটি সমস্যা থাকতে হবে যার কারণে আপনার জন্য গতানুগতিক সাধারণ পরিবহনসমূহ ব্যবহার কষ্টকর বা এগুলো ব্যবহার করা আপনার জন্য একেবারেই অসম্ভব।
- ওয়েস্ট মিডল্যান্ডস্ এর নিম্নোক্ত ৭টি আর্বাণ বারার কোন একটির বাসিন্দা হতে হবে: বার্মিংহাম, কভেন্ট্রী, ডাডলী, স্যান্ডওয়েল, সলিহাল্, ওয়াল্‌সল্, উলভারহ্যাম্পটন।
- আপনি যেকোন বয়সী হতে পারবেন।
- আপনাকে অবশ্যই একটি ফর্ম পূরণ করার মাধ্যমে ঘোষণা করতে হবে আপনার চলাফেরা করতে একটি সমস্যা রয়েছে।
- সার্ভিস্টি ব্যবহারের বিষয়ে যোগ্যতার বিষয়ে কোন সন্দেহ থাকলে চ্যারিটিটির পক্ষ থেকে কোন ব্যবহারকারীকে তার ডাক্তারের নিকট থেকে একটি নোট জমা দেয়ার জন্য বলা হতে পারে।

### অনুগ্রহ পূর্বক স্মরণ রাখবেন:

সলিহাল্ এবং কভেন্ট্রীর মধ্যবর্তী এলাকায় “ম্যারিডেন গ্যাপ” নামে পরিচিত কোন কোন স্থানে রিং এবং রাইড এর সেবা পাওয়া যায় না। তবে উক্ত স্থানগুলোর জন্য একই ধরনের আরেকটি সার্ভিসের ব্যবস্থা রয়েছে যার নাম হল “ট্যাক্সিবাস”।

## কিভাবে নাম রেজিস্টারী করতে হয়?

আপনি যদি রিং এবং রাইড ব্যবহারের জন্য নাম রেজিস্টারী করতে চান, তাহলে আপনি বা আপনার পক্ষে কাউকে আপনি যে এলাকায় বসবাস করেন তার জন্য নির্দিষ্ট অফিসে ফোন করতে হবে।

বিভিন্ন অফিসের ফোন নম্বর নিম্নে দেয়া হল:

- বার্মিংহাম নর্থ - এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে  
এ্যাস্টন, এরডিংটন, হ্যান্ডস্‌ওয়ার্থ, ক্যাসেল ভ্যাইল, লেডীউড, পেরী বার, সাটন কোল্ডফিল্ড, উইনসন গ্রীন ইত্যাদি।

টেলিফোন: 0121 333 3108

- বার্মিংহাম সাউথ - এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে  
বর্নভিল, এজবাস্টন, হারবোর্ন, কিংস্‌ নটন, লংব্রীজ, নর্থফিল্ড, কুইনটন, ইয়ার্ডলী উড ইত্যাদি।

টেলিফোন: 0121 486 2663

- বার্মিংহাম ইস্ট/সলিহাল্ - এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে  
আলাম রক, বোর্ডস্লী গ্রীন, ক্যাসেল ব্রমীচ, ডোরীজ, নোয়েল, শেয়ার্ড এন্ড, স্মল হিথ, ইয়ার্ডলী ইত্যাদি।

টেলিফোন: 0121 784 6644

## কিভাবে নাম রেজিস্টারী করতে হয়?

- কভেন্ট্রী  
টেলিফোন: 02476 602177
- ডাডলী  
টেলিফোন: 0121 567 3000
- স্যান্ডওয়েল  
টেলিফোন: 0121 567 3000
- সলিহাল্  
টেলিফোন: 0121 784 6644
- ওয়াল্‌সল্  
টেলিফোন: 01922 402232
- উলভারহাম্পটন  
টেলিফোন: 01902 421515

কানে যারা কম বা একেবারেই শোনে না তাঁদের জন্য মিনিকম ফোনের ব্যবস্থা রয়েছে (সকল এলাকার জন্য)

টেলিফোন: 0121 359 0593

### আপনি নিশ্চিত নন?

আপনি কোন্ এলাকাতে বসবাস করছেন সে বিষয়ে নিশ্চিত হতে না পারলে দয়া করে আমাদের হেড অফিসে 0121 333 3107 নম্বরে টেলিফোন করুন।

## কিভাবে নাম রেজিস্টারী করতে হয়

### ফোনের মাধ্যমে নাম রেজিস্টারী করা

স্থানীয় অফিসে ফোন করলে আপনাকে জিজ্ঞাসা করা হবে সাধারণ পরিবহন ব্যবহার করতে আপনার সমস্যা কি এবং চলাফেরা করতে আপনার কি ধরনের সমস্যা রয়েছে (এর মাধ্যমে আপনি বাসে ভ্রমণ করার সময় আপনার জন্য প্রয়োজনীয় সব ধরনের সরঞ্জামের ব্যবস্থা রাখার বিষয়ে নিশ্চিত করা যায়)।

এ ছাড়াও আপনাকে আরও কিছু সহজ প্রশ্ন করা হবে যেমন: আপনার নাম এবং ঠিকানা এবং আপনার নিকটতম আত্মীয়ের নাম বা সার্ভিসটি ব্যবহার করার সময় কোন সমস্যা হলে আপনার বিষয়ে কার সঙ্গে যোগাযোগ করতে হবে।

### আপনার প্রথম ভ্রমণ

আপনি যখন প্রথম নাম রেজিস্টার করবেন তখন ৭ দিন আগেই আপনি একটি ভ্রমণের জন্য আসা-যাওয়া উভয় পথের জন্য বুকিং করতে পারবেন (স্বাভাবিক অবস্থাতে ভ্রমণের মাত্র ২ দিন আগে বুকিং করা যায়)। সুতরাং আপনার কোন ভ্রমণের দরকার থাকলে তা ভেবে-চিন্তে রাখা ভাল হবে।

### দয়া করে খেয়াল রাখবেন:

এসব তথ্যাদি আমাদের কম্পিউটারে সংরক্ষণ করা হয়, যা আমাদেরকে বুকিং প্রক্রিয়া এবং এর পরিকল্পনায় সাহায্য-সহায়তা করে। সেবার ব্যবহারকারী হিসেবে এসব ব্যক্তিগত তথ্যাদি ব্যবহারকারীর অনুমতি ছাড়া চ্যারিটিটির বাইরে কাউকে দেয়া হবে না।

## কিভাবে নাম রেজিষ্টারী করতে হয়

নাম রেজিষ্টারী করার পর স্থানীয় অফিস থেকে আপনাকে একটি তথ্যাদির প্যাক পাঠানো হবে যাতে নিম্নোক্ত বিষয়ে তথ্যাদি থাকবে:

- আপনার রেজিষ্ট্রেশন নম্বর।
- আপনার রিং করার দরকার হলে কোন নম্বরে ফোন করতে হবে এবং কখন ফোন করতে পারবেন। (ফোন নম্বর সহ একটি স্টিকার দেয়া হবে যা আপনার ফোনের উপর লাগিয়ে রাখতে পারবেন)।
- ইউজার্স হ্যান্ডবুক বা সেবার ব্যবহারকারীদের জন্য হ্যান্ডবুক।
- আপনার এলাকায় চালু আছে এমন সব বিশেষ বিশেষ সেবা।
- আপনাকে একটি ফর্ম পাঠানো হবে যা আপনাকে অবশ্যই স্বাক্ষর করতে হবে এবং এর মাধ্যমে আপনাকে নিশ্চিত করা হবে যে আপনি চ্যারিটির এই সেবাটি ব্যবহার করার যোগ্য। এছাড়াও আপনার জাতিগত উৎপত্তির বিষয়ে জানার জন্য আরেকটি ফর্ম এর সঙ্গে থাকবে। আপনাকে একটি খাম পাঠানো হবে যাতে ফর্ম দু টি ভরে আমাদের নিকট ফেরৎ পাঠাতে পারেন।

### নতুন ব্যবহারকারীদের জন্য

চ্যারিটিটির বিভিন্ন সেবা ব্যবহার করা চালিয়ে যেতে হলে আপনাকে অবশ্যই ফর্মে স্বাক্ষর করে ফেরৎ পাঠাতে হবে।

এমনও হতে পারে যে, আপনার প্রথম ভ্রমণের সময় আপনাকে তথ্যাদির এই প্যাকটি হাতে হাতে দেয়া হবে।

যদি এমনটি ঘটে এবং সেবাটি ব্যবহারের ব্যাপারে আপনার কোন প্রশ্ন থাকে তবে দয়া করে ড্রাইভারকে তা বলুন।

## একটি ভ্রমণের জন্য বুকিং করা

- কখন এবং কিভাবে বুকিং করতে হবে?

আপনি একটি বুকিং দিতে চাইলে ৫নং পৃষ্ঠাতে উল্লেখিত সময়ে বুকিং লাইনে টেলিফোন করবেন।

- বুকিং লাইনে আপনি ফোন করলে, আপনার এলাকায় চলাচলকারী গাড়ীর সময় নিয়ন্ত্রণ কারীদের সঙ্গে সরাসরি আপনি কথা বলবেন। তাদেরকে আপনার রেজিস্ট্রেশান নম্বর বলুন এবং আপনি কোথায় ও কখন যেতে চান তা বলুন। তারা যদি আপনার নির্ধারিত সময়ে আপনাকে নিতে পারে তবে তখনই বলে দিবে। তবে আপনার ভ্রমণের এক বা একাধিক অংশ মিটাতে না পারলে তারা তখন আপনাকে অন্য একটি বিকল্প সময়ের জন্য প্রস্তাব দিবে।
- বুকিং লাইন ব্যস্ত থাকলে টেলিফোন সেটটি রেখে দিবেন এবং তাৎক্ষণিকভাবে পুনরায় ফোন করবেন। অধিকাংশ ফোন সেটে তা সহজভাবে করার জন্য একটি রিডায়াল বাটন লাগানো থাকে। তবে প্রথমবারেই আপনি কোন জবাব না পেলেও কয়েকবার চেষ্টা করলে আপনি জবাব পেয়ে যাবেন।

### দয়া করে স্মরণ রাখবেন:

আমাদের বুকিং লাইনগুলোর জন্য বি,টি রিকল করার ব্যবস্থা (কোন ফোন নম্বর ব্যস্ত থাকলে “৫” নম্বরে চাপ দিলে স্বয়ংক্রিয়ভাবে পুনরায় রিং হয়) নেই।

### আমি কখন কখন ট্র্যাভেল করতে পারব?

রিং এবং রাইড সার্ভিসেস্ প্রতি দিন সকাল ৮টা থেকে রাত্রি ১১টা পর্যন্ত চালু থাকে (ক্রীস্টমাস্ ডে সার্ভিস্ শুধুমাত্র হুইলচেয়ার ব্যবহারকারীদেরকে পরিবহন করে) এবং ওয়েস্ট মিডল্যান্ডস্ এর শহর এলাকায় সর্বত্র চলাচল করে।

প্রথম এবং শেষ ভ্রমণের সময় অনুগ্রহ করে ডিপো থেকে যানবাহনের আসা ও যাওয়ার জন্য প্রয়োজনীয় সময়ের বিষয়ে খেয়াল রাখবেন।

## একটি ভ্রমণের জন্য বুকিং করা

- আপনি যে এলাকার জন্য নাম রেজিস্টারী করেছেন শুধু তাতে এবং এর পার্শ্ববর্তী রিং এবং রাইড এলাকাতে ১/২ মাইল এলাকার জন্য একটি ট্রিপ বুকিং করতে পারবেন।

অনেক ব্যবহারকারীদের ফেরৎ ভ্রমণের প্রয়োজন হয় না কারণ তারা বন্ধু-বান্ধব বা আত্মীয় সজনদের নিকট থেকে এক পথে যাত্রার জন্য লিফট পেয়ে থাকেন। সুতরাং যাওয়া-আসা অর্থাৎ উভয় পথে যাতায়াতের ব্যবস্থা করতে না পারলে যানবাহনের চলাচলের নিয়ন্ত্রণকারী হয়তবা আপনার যাওয়া বা ফেরৎ আসার জন্য অর্থাৎ এক পথে যাত্রার ব্যবস্থার জন্য প্রস্তাব দিবেন।

- আপনার অনুরোধ অনুযায়ী যাত্রার ব্যবস্থা করা না গেলে এবং সন্তোষজনক কোন বিকল্প সময় দেয়া না গেলে ভ্রমণের সময়সূচী নিয়ন্ত্রণকারক আপনাকে একটি অপেক্ষা করার তালিকায় রাখবেন। কেউ যাত্রা বাতিল করলে এবং আপনার চাহিদা মোতাবেক ভ্রমণের ব্যবস্থা করা গেলে তাৎক্ষণিকভাবে তাঁরা আপনাকে জানাবেন।
- আপনি যদি ভ্রমণের দিন বা পূর্বের দিন একটি ট্রিপ বুকিং করতে চান, তবে হয়ত আপনাকে অন্য আরেকটি নম্বরে এবং ভিন্ন সময়ে ফোন করতে হতে পারে। দয়া করে এ বিষয়ে জানার জন্য ৫নং পৃষ্ঠা দেখুন। ভ্রমণের সময়সূচী পরীক্ষা করে দেখা হবে এবং আপনার ভ্রমণটি ইতিপূর্বে বুকিং করা ট্রিপগুলোর সঙ্গে ফিট করা যায় কি না তা আপনাকে বলে দেয়া হবে।

### আপনি টেলিফোন না করতে পারলে কিভাবে বুকিং করবেন?

- আপনার একটি টেলিফোন না থাকলে ডাকযোগে বুকিং করার বিশেষ ব্যবস্থা রয়েছে - আপনার স্থানীয় অফিসে যোগাযোগ করলে প্রয়োজনীয় ফর্মসমূহ পাবেন।

আপনার কানে শোনার সমস্যা থাকলে এবং বুকিং লাইনসমূহ ব্যবহারে আপনার অসুবিধা হলে আমাদের মিনিকম নম্বর (0121 359 0593) ব্যবহার করে আমাদের সঙ্গে যোগাযোগ করুন এবং আমরা আপনাকে জানায়ে দিব কিভাবে আপনি একটি বুকিং করতে পারন।

#### নমনীয় হওয়া

ট্রিপের অত্যাধিক চাহিদার কারণে আপনার ভ্রমণের সময়ের বিষয়ে আপনি যত বেশী নমনীয় হবেন, আপনার ট্রিপের সুযোগ ততই বেশী হবে।

ট্রিপের সময়ের ব্যাপারে আপনার কোন বাধ্যবাধকতা না থাকলে, ট্রিপের সময়-সূচী নিয়ন্ত্রণকারীকে আপনার ট্রিপের বিস্তারিত তথ্য দিয়ে জিজ্ঞাসা করুন, কখন তাঁরা আপনার ট্রিপের ব্যবস্থা করতে পারবেন - এভাবে আমরা বেশী লোকের ট্রিপের ব্যবস্থা করতে পারব।

## একটি ভ্রমণের জন্য বুকিং করা

### এ্যাডভান্সড বুকিং ফর্মস্ (এ বি এফ) এর ব্যবহার

- ভ্রমণের নির্দিষ্ট দিনের বেশ কিছু দিন আগেই আপনি যদি বুকিং দিয়ে রাখতে চান (কারণ হয়ত আপনি কোন বিশেষ অনুষ্ঠানের জন্য টিকিট কিনতে চান এবং নিশ্চিত হতে চান যে আপনার যাতায়াতের ব্যবস্থা হয়েছে) তবে আপনি এ্যাডভান্সড বুকিং ফর্মস্ ব্যবহার করতে পারেন।
- আপনার নাম রেজিস্টারী করানোর পর যদি এই হ্যান্ডবুকটি আপনাকে দেয়া হয়ে থাকে তবে এতে আপনি কয়েকটি ফর্ম পাবেন।
- এগুলো সার্ভিসের সকল ব্যবহারকারীদের দেয়া হয় এবং আপনি সাধারণতঃ রিং এবং রাইড নিউজলেটারের সঙ্গে আরও কিছু ফর্ম পাবেন। নিউজলেটারটি প্রতি বছর দু' বার পাঠানো হয়।
- এ্যাডভান্সড বুকিং ফর্মসমূহ শুধু যাওয়া বা আসা (সিঙ্গেল) অথবা যাওয়া-আসা (রিটার্ন) উভয় ট্রিপের অনুরোধের জন্য ব্যবহার করা যায়। এগুলো ডাকযোগে বুকিং অফিসে ফেরৎ পাঠাতে হয় যেখানে এগুলোকে বুকিংয়ের জন্য অগ্রাধিকার দেয়া হয়। যাহ্উক, মনে রাখবেন, যেকোন ছয় মাস সময়ে আপনি কেবল চার বার এ্যাডভান্স বুকিং ফর্মস্ ব্যবহার করতে পারবেন। সাধারণতঃ আপনি বুকিং ফর্ম পাঠালে আপনার জন্য বুকিং করা হবে এবং ডাকযোগে আপনাকে তা নিশ্চিত করা হবে। তবে অন্যান্য সার্ভিস্ ব্যবহারকারীগণ পূর্বেই এ্যাডভান্স বুকিং ফর্ম পাঠালে এবং আপনার অনুরোধ রক্ষা করা না গেলে আপনার জন্য একটি বিকল্প ব্যবস্থার জন্য ট্রিপের সময় নিয়ন্ত্রক (শিডিউলার) আপনার সঙ্গে যোগাযোগ করবেন।
- এ্যাডভান্সড বুকিং ফর্মস্ ইন্টারনেটের মাধ্যমে আমাদের ওয়েবসাইট [www.ringandride.org](http://www.ringandride.org) থেকে পূরণ করতে পারবেন।

#### একটি ট্রিপ বাতিল করা

একটি ট্রিপ বাতিল করতে হলে মনে রাখবেন, আপনি যত বেশী সময় আমাদেরকে দিবেন, অন্য কাউকে ট্রিপটি দেয়ার সুযোগ আমরা তত বেশী পাব।

#### দয়া করে খেয়াল রাখবেন:

যেহেতু রাস্তার অবস্থার বিষয়ে পূর্ব থেকে কিছুই বলা যায় না, তাই আপনাকে শিডিউলার ট্রিপের জন্য যে সময় দেবেন তার ১০ মিনিট আগে কিংবা ১০ মিনিট পরে আপনাকে আনার জন্য যাওয়া হতে পারে। সুতরাং উক্ত সময়ে আপনি বাসে উঠার জন্য প্রস্তুত থাকবেন।

## একটি ভ্রমণের জন্য বুকিং করা

### জনপ্রিয় স্থানসমূহ ভ্রমণের জন্য বুকিং দেয়া

- আমাদের সবগুলো এলাকাতেই আমরা পূর্ব নির্ধারিত সময়ে কিছু কিছু ভ্রমণ পরিচালনা করি। এগুলোর জন্য বুকিং করার ভিন্ন ধরনের পদ্ধতি রয়েছে। আপনি নাম রেজিস্টারী করলে আপনাকে তথ্যাদির যে প্যাক দেয়া হবে তাতে এসব বিষয়ে উল্লেখ থাকবে। এগুলো হল জনপ্রিয় স্থানসমূহে যাতায়াতের জন্য নিয়মিত ভ্রমণসমূহ (শপিং সেন্টারসমূহ, ক্লাবস্ ইত্যাদি) এবং এসব স্থানে যাওয়ার জন্য বিশেষ বিশেষ এলাকা থেকে পূর্ব নির্ধারিত সময়ে যাত্রীদেরকে উঠানোর ব্যবস্থা করা হয়। আরও বিস্তারিত জানাতে আপনাকে দেয়া অনুসন্ধানের জন্য ফোন লাইনে যোগাযোগ করুন।

### ক্রীস্টমাস্ (বড় দিন) বা ব্যাংক হলিডের সময়ে একটি ভ্রমণের জন্য বুকিং

রিং এবং রাইড বছরের সব দিন এমনকি বড় দিনেও যাত্রী সেবার (সার্ভিস) ব্যবস্থা রাখে যা বানিজ্যিক বাস ও ট্রেন কোম্পানীগুলোর চেয়ে ভিন্নতর।

তবে বড় দিনের জন্য সেবা (যা আমাদের স্টাফদের মধ্য থেকে ভলান্টিয়ারদের দ্বারা পরিচালিত হয়) শুধুমাত্র হুইলচেয়ারের ব্যবহারকারীদের জন্য প্রদান করা হয়।

অধিকাংশ ব্যাংক হলিডের দিনের জন্য বুকিং স্বাভাবিক পদ্ধতিতে করা হয়, তবে বড় দিন এবং ইংরেজী নব বর্ষের দিনে বুকিংয়ের জন্য বিশেষ ব্যবস্থা নেয়া হয়। এ বিষয়ে বেশ আগে থেকেই গাড়ীতে নোটিস্ লাগানোর মাধ্যমে আপনাকে জানানো হবে কবে আপনাকে বুকিং করতে হবে।

## ভাড়া পরিশোধ করা

- আমরা সম্পূর্ণ বা আংশিক ভাড়া পরিশোধের জন্য কনসেশনারী পাস, সেন্ট্রো কার্ড এবং বাস মাস্টার কার্ড (এমনকি সোমবার থেকে শুক্রবার সকাল ৯টা ৩০মিঃ এর পূর্বেও ভ্রমণ করা যাবে) গ্রহণ করি।
- ব্লাইন্ড এবং ডিজএ্যাবেলড লোকদের জন্য পাস সম্পূর্ণ বা অর্ধেক ভাড়া পরিশোধের জন্য গ্রহণ করা হয়, যা নির্ভর করে তারা কি ধরনের পাস বহন করেন তার উপর। কোন ধরনের পাস বহন না করা হলে স্থানীয় বাস যে হারে চার্জ করে একই হারে নগদ পয়সায় ভাড়া পরিশোধ করতে হবে এবং এটা মাইল হিসেবে ছরত্বের উপর নির্ভর করে। পাস না থাকলে বাচ্চাদেরকে অর্ধেক ভাড়া চার্জ করা হয়।
- পাসের অধিকারী ব্যক্তিদেরকে সাধারণতঃ তাঁদের প্রথম ভ্রমণের সময় পাসটি দেখানোর জন্য বলা হয় এবং তা থেকে বিবরণীসমূহ কম্পিউটারে রক্ষিত আপনার ব্যক্তিগত বিবরণীসমূহে সংরক্ষণ করা হয়। সাধারণতঃ আপনাকে পুনরায় পাসটি দেখানোর জন্য বলা হবে না। আপনার পাসটির মেয়াদ উত্তীর্ণের (যদি প্রযোজ্য হয়) তারিখের কাছাকাছি আসলে কম্পিউটার স্বয়ংক্রিয়ভাবে তা আমাদেরকে জানিয়ে দিবে।
- আপনার নতুন পাস দেখানোর জন্য অনুরোধ জানানো হবে, যাতে আপনার বিবরণীর হাল নাগাদ করা যায়। আপনার পাস রিনিউ না করে থাকলে আপনাকে ভাড়া পরিশোধের জন্য বলা হবে।

## ভ্রমণের বিষয়ে পরামর্শ

- কারও সঙ্গে ভ্রমণ করা

ভ্রমণকারী ভ্রমণের সময় সঙ্গে একজন সাথী নিয়ে আসতে পারবেন যদি তার জন্য অগ্রিম বুকিং করে থাকেন।

সঙ্গে যিনি ভ্রমণ করবেন তিনি হয়ত ভাড়া পরিশোধ করবেন, বা তার সঙ্গে পাস থাকলে, তা হয়ত আংশিক বা পূর্ণ ভাড়া হিসেবে গ্রহণ করা হবে। সেবার ব্যবহারকারীগণ তাদের উপর নির্ভরশীল কোন ছেলে-মেয়ে থাকলে তাদেরকে সঙ্গে নিতে পারবেন, যদি পূর্ব থেকে তাদের জন্য বুকিং করা থাকে - সাধারণতঃ তাদের একটি পাস না থাকলে অর্ধেক ভাড়া দাবী করা হয়।

- হাসপিটালসমূহে ভ্রমণ

হসপিটালে এ্যাপয়েন্টমেন্টে যাওয়া ছাড়া অন্য যেকোন ভিজিটের জন্য যাতায়াত করতে আপনি বুকিং করতে পারবেন। এ্যাপয়েন্টমেন্টে যাতায়াতের জন্য আপনার উচিত হবে হসপিটাল বা আপনার ডাক্তারের সঙ্গে আলাপ করে প্যাশেন্ট ট্রান্সপোর্ট সার্ভিসেস্ ব্যবহারের জন্য অনুরোধ জানানো। হসপিটাল অথরিটি আপনার জন্য উক্ত সার্ভিসের আয়োজন করে দিবে।

সে যাহউক, আপনি রিং এবং রাইড ব্যবহার করে হসপিটালে আপনার বন্ধু-বান্ধব বা আত্মীয়-সজনদেরকে ভিজিট করতে পারবেন।

- ডে সেন্টারসমূহ

যেহেতু আমাদের রিসোর্স খুবই সীমিত তাই আপনি ডে সেন্টার ভিজিট করতে চাইলে দয়া করে প্রথমে সোশাল সার্ভিসেস্ ডিপার্টমেন্টের সঙ্গে যোগাযোগ করেবেন, কারণ তাদের হয়ত নিজস্ব যাতায়াতের ব্যবস্থা থাকতে পারে।

- ট্যাক্সিবাস

ম্যারিডেন গ্যাপ এলাকায় ট্যাক্সিবাসে চড়ে ভ্রমণ করতে পারবেন, তবে সিট বুক করার জন্য 0121 783 6869 নম্বরে ফোন করতে হবে।

## ভ্রমণের বিষয়ে পরামর্শ (ট্র্যাভেল এ্যাডভাইস্)

- খরিদারদের সেবা যত্ন - যানবাহন

এই চ্যারিটি বেস অনেকেগুলো বিশেষভাবে প্রস্তুতকৃত গাড়ী যাত্রী পরিবহনের জন্য রেখেছে এবং এর সবগুলো গাড়ীতেই লিফটস্ বা র্যাম্পস্ রয়েছে যাতে হুইলচেয়ারের ব্যবহারকারীগণ এবং বাসে আরোহনের সময় যারা সিঁড়ি ব্যবহার করতে পারেন না তারা সহজে গাড়ীতে চড়তে পারেন। সর্বশেষ নিরাপত্তা জনিত ব্যবস্থাাদি এসব বাসে চালু রয়েছে এবং প্রতি ৫ বছর অন্তর অন্তর এগুলো পরিবর্তন করে নতুন ব্যবস্থা লাগানো হয়। বাসগুলোর সিটগুলো হল তিন পয়েন্ট ল্যাপ বিশিষ্ট এবং এগুলোতে আড়াআড়িভাবে সিটবেল্ট লাগানো রয়েছে, এছাড়াও পাশ থেকে প্রবেশের জন্য সীটগুলো নীচু করা (সিঁড়িগুলোতে খাঁজ কাটা থাকে), হুইলচেয়ার যেন কোন দিকে সরে না যায় তার জন্য এবং এগুলোর ব্যবহারকারীদের জন্য নিরাপত্তার ব্যবস্থা রয়েছে যেমন: পিছলাবে না এমন ধরনের ফ্লোর এবং অতিরিক্ত হ্যান্ডরেইল ইত্যাদির ব্যবস্থা।

- খরিদারদের সেবা যত্ন - স্টাফ

আমাদের সকল ড্রাইভিং এবং এসকর্ট স্টাফেরা (যেসব স্টাফ সঙ্গে যান) একটি সমন্বিত এবং নিয়মিত ট্রেনিং লাভ করেন যা আমাদের নিজেদের পরিকল্পিত বিশেষ ধরনের ট্রেনিং পদ্ধতি অনুযায়ী দেয়া হয়। এসব স্টাফদেরকে খুব সহজেই চেনা যায় কারণ তাঁরা ইউনিফর্ম পরেন এবং তাঁদের নিকট ফটো সহকারে পরিচয়পত্র থাকে।

- ঠিকানার পরিবর্তন –

আপনি যদি আপনার ঠিকানা পরিবর্তন করেন বা অন্য কোন এলাকায় চলে যান, তবে দয়া করে আমাদেরকে জানানোর কারণ হয়ত আপনার ট্রিপের বুকিং ব্যবস্থায় পরিবর্তন করার দরকার হতে পারে এবং যাতে আমাদের কম্পিউটারে আপনার রেকর্ড পরিবর্তন করতে পারি, ফলে আপনাকে আমাদের নিউজলেটার এবং এ্যাডভান্স বুকিং ফর্মস্ পাঠানো অব্যাহত রাখা যায়। আপনাকে শুধু অনুসন্ধানের জন্য দেয়া নম্বরে ফোন করতে হবে।



আইডেন্টিফিকেশন কার্ডের নমুনা

## দীর্ঘ দূরত্বের রাস্তা ভ্রমণ করা - ক্রস্ বাউন্ডারী

- আপনার স্থানীয় এলাকার বাইরে ভ্রমণ করা

যদিও রিং এবং রাইড এর লক্ষ্য হচ্ছে এর ব্যবহারকারীদের জন্য তাদের পাড়ায় এবং পার্শ্ববর্তী এলাকায় আধা মাইল পর্যন্ত স্থানীয়ভাবে ভ্রমণের ব্যবস্থা করা, তবে এটাও স্বীকার করা হয় যে, লোকজনদের বাড়ী থেকে দূরে দূরে অনেক যায়গায় ভ্রমণ করার দরকার হতে পারে যেখান পর্যন্ত সাধারণতঃ তাদের স্থানীয় সার্ভিস্ চলাচল করে না।

- আপনি কোথায় কোথায় ভ্রমণ করতে পারবেন

উপরোক্ত সমস্যা সমাধানের জন্য ক্রস্ বাউন্ডারী সার্ভিস্ বর্তমান আধা মাইল অতিক্রম করার সুযোগের চেয়েও আপনাকে আরও বেশী দূরে আপনার পার্শ্ববর্তী এলাকায় যেকোন স্থানে নিয়ে যাবে।

উদাহরণস্বরূপ: আপনি যদি ওয়ালসলে বসবাস করেন তবে ক্রস্ বাউন্ডারী সার্ভিস্ আপনাকে উলভারহ্যাম্পটন, স্যান্ডওয়েল এবং নর্থ বার্মিংহাম এলাকাসমূহে ভ্রমণের সুযোগ দিবে।

- আরও দূরে ভ্রমণ করতে চাইলে রিং এবং রাইড আপনাকে অন্য কোন প্যাসেঞ্জার ট্রান্সপোর্ট সার্ভিস্, মেট্রো বা অন্য কোন রিং এবং রাইড অপারেটিং এলাকার ক্রস্ বাউন্ডারী বাসের সঙ্গে সংযোগ করিয়ে দিতে পারবে। এভাবে পুরো ওয়েস্ট মিডল্যান্ডস এর ভিতরে যেকোন স্থানে ঘরের দরজা থেকে গন্তব্য স্থানের ঘরের দরজায় আপনাকে পৌঁছানো যাবে।

- ভ্রমণের জন্য বুকিং করা

এই সার্ভিস্টি ব্যবহারের জন্য একটি পৃথক বুকিং পদ্ধতি মেনে চলতে হবে, যাতে নিম্নোক্ত বিষয়গুলো অন্তর্ভুক্ত থাকে:

⇒ তিন দিন আগাম বুকিং করা (সাধারণভাবে দুই দিনের আগাম নোটিসের পরিবর্তে)

⇒ বুকিং করার একটি পৃথক সময় এবং পৃথক টেলিফোন লাইন

⇒ বুকিং করার জন্য সময় এবং টেলিফোন নম্বর এই হ্যান্ডবুকটির ৫নং পৃষ্ঠায় দেখতে পাবেন। এছাড়াও ওয়েস্ট মিডল্যান্ডস্ এলাকায় চলাচলকারী স্থানীয় রেইল নেট ওয়ার্কের বিষয়ে তথ্যাদিও জানতে পারবেন।

## দীর্ঘ দূরত্বের রাস্তা ভ্রমণ করা - ক্রস বাউন্ডারী

- **এ্যাডভান্সড বুকিং ফর্মস্ (A.B.F's)**

এ্যাডভান্সড বুকিং ফর্মস্ (A.B.F's) আপনাকে যেকোন ছয় মাস সময়ের মধ্যে তিন দিনের আগাম নোটিসের মাধ্যমে চারটি ক্রস বাউন্ডারী ট্রিপের জন্য বুকিং করার সুযোগ দিবে।

এগুলো আপনার স্থানীয় রিং এবং রাইড সার্ভিস্ ব্যবহারের জন্য স্বাভাবিক এ্যাডভান্সড বুকিং ফর্মস্ এর অতিরিক্ত।

(দয়া করে আরও বিস্তারিত জানার জন্য ১০নং পৃষ্ঠাতে এ্যাডভান্সড বুকিং ফর্মস্ সেকশানটি দেখুন)

সম্ভাব্য ক্ষেত্রসমূহে আপনার যেকোন ভ্রমণের জন্য অনুরোধের পরপরই এ বিষয়ে আপনাকে নিশ্চিত করা হবে। এটা যদি সম্ভব না হয় তবে

আপনার ভ্রমণ সম্পূর্ণ করা যাবে কি না তা আপনাকে নিশ্চিত করার জন্য আপনার সঙ্গে যোগাযোগ করা হবে।

- **আপনার কত পয়সা দিতে হবে?**

আপনার যদি একটি সেন্ট্রো কনসেশনারী বাস পাস থাকে যাতে সিনিয়র সিটিজেন্স বা অঙ্ক বা প্রতিবন্ধীদের বাস পাশ অন্তর্ভুক্ত থাকে, তবে এগুলো ওয়েস্ট মিডল্যান্ডস্ এর যেকোন স্থানে ভ্রমণের জন্য ব্যবহার করা যাবে এবং তা হবে বিনামূল্যে কিংবা অর্ধেক মূল্যে। অন্যথায় আপনি কতটুকু দূরত্ব ভ্রমণ করেছেন, তার উপর নির্ভর করে এবং শুধুমাত্র যাওয়া বা আসা-যাওয়া উভয় ভ্রমণের উপর নির্ভর করে আপনার নিকট ভাড়া দাবী করা হবে।

## কাষ্টমার কেয়ার - রিং এবং রাইড সার্ভিসের ব্যবহার করে নিরাপদে ভ্রমণ করা

- হুইলচেয়ারের নিরাপত্তা

দুঃখজনক হলেও এটা সত্যি যে, স্ট্যান্ডার্ড হুইলচেয়ার বলতে কিছু নেই সুতরাং হুইলচেয়ারের ব্যবহারকারী যাত্রী থাকলে খুব শক্ত করে হুইলচেয়ারকে ধরে রাখার জন্য আমরা বেশ কয়েকটি পদ্ধতি ব্যবহার করি।

সুতরাং, আপনি যদি আপনার হুইলচেয়ার পরিবর্তন করে থাকেন তবে দয়া করে আমাদেরকে জানান, যাতে আমরা কোন ঝুঁকি রয়েছে কি না সে বিষয়ে মূল্যায়ন করতে পারি অর্থাৎ এর মাধ্যমে আমরা জানতে পারব আপনি যাত্রী হতে চাইলে আমাদেরকে কি সাজসরঞ্জাম পাঠাতে হবে।

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনার অনুসন্ধানের নম্বরে ফোন করুন।

হুইলচেয়ারের ব্যবহারকারী হিসেবে প্রথমে নাম রেজিস্টারী করলে নতুন ব্যবহারকারী হিসেবে আপনার একটি মূল্যায়ন (এ্যাসেসমেন্ট) করা হবে।

আপনি যদি একটি হুইলচেয়ারের অধিকারী হতে চান যা আপনি ভ্রমণের সময় ব্যবহার করবেন, তাহলে আমরা কোন ধরনের চেয়ার আপনার জন্য ভাল হবে সে বিষয়ে আমরা সানন্দে আপনাকে পরামর্শ দিব।

## কাষ্টমার কেয়ার - রিং এবং রাইড সার্ভিসের ব্যবহার করে নিরাপদে ভ্রমণ করা

### • সীট বেল্টস্ এবং হুইলচেয়ার বাঁধা

সব গাড়ীতেই যাত্রীদের নিরাপত্তা ও আরাম এবং ইমুর্যান্সের শর্তাবলী পূরণের জন্য সীট বেল্টস্ লাগানো থাকে।

খুব সামান্য ছুরত্বের ভ্রমণের জন্য হলেও এগুলো পরা উচিত। হুইলচেয়ারের ব্যবহারকারীদের এটা জানা উচিত হবে যে, ড্রাইভিং স্টাফগণ সব ধরনের হুইলচেয়ার নিরাপদভাবে আটকিয়ে রাখার ব্যাপারে ট্রেনিংপ্রাপ্ত। তাদের চেয়ার যেন শক্তভাবে আটকানো হয় এবং হুইলচেয়ারের ব্যবহারকারীদের জন্য প্রদত্ত বিশেষ ধরনের সীট বেল্টটি তাঁরা যেন পরেন, সে বিষয়ে তাদের নিশ্চিত করতে হবে।

দয়া করে আমাদেরকে বলুন (স্থানীয় ইনকোয়ারী নম্বরে ফোন করে) আপনার সঙ্গে একটি শিশু ভ্রমণ করছে কি না তাহলে আমরা একটি শিশুর সীট বেঁধে রাখার ব্যবস্থা হয়ত করতে পারব, তবে আমরা তার কোন নিশ্চয়তা দিতে পারব না।

আপনার যদি চিকিৎসাগত কারণে একটি সীট বেল্ট না পরার অনুমতি থাকে, তবে দয়া করে আমাদেরকে তা জানান।

### • যেসব স্থান থেকে আপনি বাসে উঠতে পারবেন কিংবা বাস থেকে অবতরণ করতে পারবেন

যদিও আমরা সব সময় চেষ্টা করি যাত্রীদেরকে তারা যে ঠিকানায় যেতে চান সেখানে নামিয়ে দিতে, তবে কোন কোন সময় একেবারে নির্দিষ্ট স্থানে পৌঁছানো সম্ভব হয় না। এর কারণ হল হয়ত বিশেষ বিশেষ কোন ঠিকানার কাছাকাছি নিরাপত্তার কারণে গাড়ী নেয়া সম্ভব হয় না, অথবা গাড়ীতে উঠা বা নামার (এ্যাকসেস্) সমস্যা থাকতে পারে, বা পার্ক করা গাড়ীর জন্য বা স্থানীয় ট্রাফিক এর বিধি নিষেধের কারণে নিকটে যাওয়া সম্ভব নাও হতে পারে। এটা বিশেষ করে ব্যস্ত টাউনগুলো এবং সিটি সেন্টারের জন্য প্রযোজ্য স্মুতরাং চ্যারিটি সংস্থা বিশেষ বিশেষ স্থানে আমাদের গাড়ীগুলো থামার জন্য বিশেষ ধরনের স্টপ (যাত্রী ছাউনী) নির্মাণের জন্য জনমত আদায়ের কাজ করছে, যেসব স্থানে রিং এবং রাইডের যাত্রীরা অপেক্ষা করতে পারবেন।

কোথায়ও এ ধরনের যাত্রী ছাউনী থাকলে বুকিং করার সময়ে যাত্রীদেরকে আমরা তা বলে দেই। এবং নতুন করে এই সুবিধার ব্যবস্থা কোথায়ও করা হলে তা নিউজলেটারের মাধ্যমে সকলকে অবগত করা হয়। সাধারণতঃ ড্রাইভার কোন যাত্রীকে ঘরের দরজা থেকে গাড়ী পর্যন্ত নিয়ে আসতে সাহায্য করবে।

## কাষ্টমার কেয়ার - রিং এবং রাইড সার্ভিস্ ব্যবহার করে নিরাপদে ভ্রমণ

- **দাঁড়িয়ে ভ্রমণ এবং ধুমপান**

রিং এবং রাইডের গাড়ীতে করে কোন যাত্রীকে দাঁড়িয়ে ভ্রমণ করতে দেয়া হয় না। আমাদের সকল যাত্রীদের সুবিধার জন্য আমাদের বাসগুলোতে ধুমপান না করার নীতি রয়েছে।

- **ভ্রমণের সময় কোন দুর্ঘটনায় পতিত হলে বা অসুস্থ হয়ে পড়লে কি করতে হবে?**

রিং এবং রাইড সার্ভিস্ ব্যবহার করে ভ্রমণের সময় দুর্ভাগ্যবশতঃ আপনি দুর্ঘটনার শিকার হলে কিংবা অসুস্থ অবস্থায় গাড়ীতে চড়লে দয়া করে ড্রাইভারকে তা অবহিত করানোর বিষয়ে নিশ্চিত হবেন, যাতে তিনি আপনার জন্য ফাষ্ট এইডের ব্যবস্থা করতে পারেন বা ডিপোতে যোগাযোগ করে প্রয়োজনীয় পরামর্শ নিতে পারেন। আপনার নিরাপত্তার জন্য রিং এবং রাইডের সব গাড়ীতেই তথ্য আদান ও প্রদান অর্থাৎ টু-ওয়ে রেডিও লাগানো থাকে।

- **কুকুর এবং অন্যান্য পোষা জীব-জন্তু**

চোখে ঠিক মত দেখেন না বা কানে শোনে না এমন লোকদের জন্য গাইড কুকুর বহন করতে আমাদের কোন আপত্তি নেই এবং এর জন্য কোন পয়সা চার্জ করা হবে না। সে যাইউক, অন্যান্য যাত্রীদের স্বাস্থ্য, নিরাপত্তা এবং আরাম-আয়েশের কথা চিন্তা-ভাবনা করে অন্য কুকুর বা অন্যান্য পোষা জীব-জন্তু বহন করার অনুমতি আমরা দেই না।

- **লাগেজ বা মালমাল পরিবহন**

বাসে ভ্রমণের সময় কি পরিমাণ মালামাল বা শপিং ব্যাগ বহন করতে পারবেন তা নির্ভর করে ড্রাইভারের ইচ্ছার উপর। দয়া করে স্মরণ রাখবেন, কোন দুর্ঘটনা ঘটলে লুজ ব্যাগ এবং এগুলোর জিনিষপত্র অন্যান্য যাত্রীদের নিরাপত্তার জন্য হুমকি হয়ে দাঁড়াতে পারে। সুতরাং আপনার উচিত হবে একজন যাত্রী যে পরিমাণ মালামাল বা যে কয়টি ব্যাগ বহন করতে পারে তাতে নিজেসে সীমাবদ্ধ রাখা।

- **বাসে লোকজনের আচার-আচরণ**

রিং এবং রাইডের সকল স্টাফ সবসময় সাহায্য-সহায়তা করবেন এবং বিনয়ী হবেন এটাই প্রত্যাশা করা হয়। সবাই যাতে নিরাপদে এবং নিরাপত্তার সঙ্গে ভ্রমণ করতে পারেন তার নিশ্চয়তার জন্য সেবার ব্যবহারকারীদেরও একই ধরনের ব্যবহার করা দায়িত্ব।

## আরও বিস্তারিত তথ্যাদি জানা এবং সার্ভিসের বিষয়ে মন্তব্য করা

রিং এবং রাইড সার্ভিস্ সম্বন্ধে তথ্য সংগ্রহ করা এবং সার্ভিসের বিষয়ে অভিযোগ বা প্রশংসা সহকারে যেকোন মন্তব্য করার বেশ কয়েকটি উপায় আছে।

- **রিং এবং রাইড সার্ভিসের সাধারণ প্রচারপত্রসমূহ**

এসব প্রচারপত্রে সার্ভিসটির বিষয়ে একটি পটভূমিকা, কিভাবে এটা কাজ করে এবং বিভিন্ন এরিয়া অফিস এবং হেড অফিসে কিভাবে যোগাযোগ করতে হয় তা বর্ণিত হয়েছে। এগুলো যে এলাকার জন্য প্রস্তুত করা হয়েছে সেগুলোর ম্যাপও এতে দেয়া হয়েছে।

- **রিং এবং রাইড নিউজলেটার**

রিং এবং রাইড নিউজলেটারটি বছরে দু' বার প্রকাশিত হয় এবং সেবার সকল ব্যবহারকারীদেরকে ডাকযোগে এগুলো বিতরণ করা হয়। এতে সার্ভিসের বিষয়ে বিভিন্ন সংবাদ এবং তথ্যাদি দেয়া হয় এবং সেবার ব্যবহারকারীদের নিকট থেকে লেখা স্বাগত জানানো হবে।

টকিং নিউজলেটার নেটওয়ার্কের মাধ্যমেও এটা প্রকাশ করা হয়।

### অন্যান্য ফরমেট

এসব প্রচারপত্রের অধিকাংশগুলো বিভিন্ন কমিউনিটি ভাষাতে (যার মধ্যে রয়েছে বাংলা, উর্দু, হিন্দী, গুজরাতি, পাঞ্জাবী এবং ভিয়েতনামীজ্), বড় অক্ষরে এবং অডিও টেপ ইত্যাদি মাধ্যমে (ফরমেট) পাওয়া যায়। কপি মজুদ আছে কি না তা পরীক্ষা করার জন্য 0121 333 3107 নম্বরে ফোন করুন।

## আরও বিস্তারিত তথ্যাদি জানা এবং সার্ভিসের বিষয়ে মন্তব্য করা

- “রিং এ্যান্ড রাইড ইন দি ওয়েস্ট মিডল্যান্ডস্”

এই প্রকাশনাটিতে ওয়েস্ট মিডল্যান্ডস্ স্পেশাল নীডস্ ট্রান্সপোর্ট চ্যারিটির বিভিন্ন কাজকর্ম এবং ১৯৮০ এর দশকে প্রতিষ্ঠিত হবার পর থেকে রিং এ্যান্ড রাইডের প্রসারের বিষয়ে বর্ণনা থাকে। যুক্তরাজ্যের অন্যান্য মেট্রপলিট্যান এলাকায় যেসব স্পেশাল নীডস্ ট্রান্সপোর্ট এর ব্যবস্থা রয়েছে, সেগুলোর সঙ্গে একটি তুলনামূলক সেবা ব্যবস্থা এতে দেয়া হয়। এতে আরও বলা হয়, কিভাবে স্টাফ এবং গাড়ী পছন্দ করা হয় এবং যাত্রা আরম্ভের পূর্বে কিভাবে তারা নিজেদেরকে এবং গাড়ীগুলো প্রস্তুত করেন। সেবার ব্যবহারকারীদের বিভিন্ন চাহিদা মেটানোর জন্য এই চ্যারিটি কিভাবে তার সম্পদ ব্যবহার করে তাও এতে বলা হয়।

- ডিস্ট্রিক্ট এ্যাডভাইজরী গ্রুপস্ (ডিএজি-সমূহ)

প্রতিটি অপারেটিং এরিয়ার জন্য একটি এ্যাডভাইজরী গ্রুপ রয়েছে যা সকল সেবা ব্যবহারকারী এবং অন্যান্য উৎসাহী সংস্থাসমূহকে (যেমন: এইজ কনসার্ন, ডিজএ্যাবিলিটি গ্রুপস্, সোশাল সার্ভিস্ রিপ্রেজেন্টেটিভস্ ইত্যাদি) রিং এ্যান্ড রাইড সার্ভিসের বিভিন্ন ব্যবস্থা সম্বন্ধে আলাপ-আলোচনা করার সুযোগ এনে দেয়।

প্রতিটি এলাকার ডি,এ,জি মিটিং এর ব্যাপারে তথ্যাদি বাসের মাধ্যমে পরিবেশন করা হয়। সার্ভিস্ ব্যবহারকারীদের মধ্য থেকে যেসব সদস্য মিটিংগুলোতে হাজির থাকেন তাঁরা সেবার অন্যান্য ব্যবহারকারীদের প্রতিনিধিত্ব করেন।

আপনি যদি এমন একটি বিষয়ে আলোচনা করতে চান যাতে পারস্পরিক স্বার্থ জড়িত রয়েছে বলে মনে করেন, তবে দয়া করে আপনার স্থানীয় অফিসে যোগাযোগ করে আপনার প্রতিনিধির নাম জেনে নিন।

বিকল্পভাবে, গ্রুপের একজন সদস্য হয়ে আপনি নিজেই হয়ত জড়িত হতে পারেন। এর জন্যও বিস্তারিত জানতে হলে আপনাকে স্থানীয় অফিসে যোগাযোগ করতে হবে।

## আরও বিস্তারিত তথ্যাদি জানা এবং সার্ভিসের বিষয়ে মন্তব্য করা

- সেন্ট্রাল এ্যাডভাইজরী গ্রুপ (সিএজি)

সেন্ট্রাল এ্যাডভাইজরী গ্রুপে প্রতিটি ডিস্ট্রিক্ট এ্যাডভাইজরী গ্রুপ থেকে একজন করে প্রতিনিধি রাখা হয়। গ্রুপটি এই চ্যারিটির বোর্ডভাইস চেয়ারের সভাপতিত্বে সভায় মিলিত হন এবং সকল ব্যবহারকারীদের প্রভাবিত করে এমনসব বিষয় নিয়ে আলাপ-আলোচনা করেন।

এই গ্রুপের কিছু কিছু সদস্য ভ্যাহিকল ডিজাইন গ্রুপের সদস্য হিসেবে অংশ গ্রহণ করেন যারা নতুন কোন বাস কেনার আগে কোন ডিজাইন এবং স্পেচিফিকেশানের বাস ক্রয় করা দরকার, সে ব্যাপারে বিবেচনা করতে চ্যারিটিকে সাহায্য করেন।

- বোর্ড অব ট্রাস্টিজ

স্পেশাল নীডস্ ট্রান্সপোর্ট এর বিষয়ে কিছুটা জ্ঞান রয়েছে এমন ধরনের লোকদেরকে চ্যারিটিটির বোর্ডের সদস্যমণ্ডলী হিসেবে নিযুক্ত করা হয়। কোন কোন সদস্য নিজেরাই রিং এবং রাইড সার্ভিসের ব্যবহারকারী।

- সার্ভিসের পরীক্ষা-নিরীক্ষা করা

চ্যারিটি যেসব সেবা প্রদান করে সেগুলোর গুণগত মান নির্ণয়ের জন্য সেবার সাম্প্রতিক ব্যবহারকারীদের মধ্য থেকে এলোপাতাড়ীভাবে কাউকে কাউকে টেলিফোন করে জরিপ করা হয়। এই জরিপে যেসব বিষয় অন্তর্ভুক্ত থাকে তার মধ্যে রয়েছে বুকিং সিস্টেম, গাড়ীতে চলার সময় আরাম-আয়েশের ব্যবস্থা এবং পরিষ্কার-পরিচ্ছন্নতা ও সার্ভিসের নিয়মানুবর্তিতা এবং চ্যারিটি স্টাফদের নঙ্গতা।

## আরও বিস্তারিত তথ্যাদি জানা এবং সার্ভিসের বিষয়ে মন্তব্য করা

### • ইন্টারনেট

চারিটিটির ওয়েব সাইটের ঠিকানা হচ্ছে, [www.ringandride.org](http://www.ringandride.org) এবং এতে গুরুত্বপূর্ণ তথ্য, প্রয়োজনীয় যোগাযোগের ঠিকানা এবং সর্বশেষ নিউজলেটার সহকারে বেশ অনেকগুলো পৃষ্ঠা রয়েছে। এই ঠিকানায় [enquiries@ringandride.org](mailto:enquiries@ringandride.org) হেড অফিসে ই-মেইল করতে পারবেন।

### • অনুসন্ধান, অভিযোগ এবং প্রশংসা

আপনি যদি কোন বিষয়ে অভিযোগ করতে চান, কোন ভাল সেবার বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চান বা রিং এবং রাইড সার্ভিস্ যেভাবে চালানো হয় তার জন্য কোন প্রস্তাব দিতে চান তাহলে আপনাকে প্রথমে অপারেটিং ডিপোতে ডিপো ম্যানেজারের সঙ্গে ২৭নং পৃষ্ঠাতে দেয়া নম্বরে ফোন করে যোগাযোগ করতে হবে।

আপনি যদি বিশেষ করে কোন একটি ঘটনার বিষয়ে উদ্ভিগ্ন হন তবে ঘটনাটি কখন ঘটেছে, তারিখ এবং স্থানের নাম সহকারে লিখে রাখবেন যাতে কোন তদন্তের প্রয়োজন হলে তা তাড়াতাড়ি করা যায়। সকল অভিযোগের গোপনীয়তা রক্ষা করা হবে।

হেড অফিসের নিম্নোক্ত যেকোন ডিপার্টমেন্টে আপনি যোগাযোগ করতে চাইলে দয়া করে 0121 333 3107 নম্বরে ফোন করবেন।

পার্সোন্যাল ডিপার্টমেন্ট (ট্রেনিং ডিপার্টমেন্ট সহকারে), ইন্সুর্যান্সের সঙ্গে জড়িত বিভিন্ন বিষয়াবলী/এ্যাকসিডেন্ট, ফ্লিট ম্যানেজমেন্ট বা বাসগুলোর পরিবহন ব্যবস্থাপনা, ফাইন্যান্স ডিপার্টমেন্ট, ডেভেলপমেন্ট ম্যানেজার, অফিস অব দি অপারেশন্স ম্যানেজার, অফিস অব দি চিফ এক্সেকিউটিভ।

## আরও বিস্তারিত তথ্যাদি জানা এবং সার্ভিসের বিষয়ে মন্তব্য করা

- নর্থ বার্মিংহাম  
টেলিফোন: 0121 333 3108
- ইস্ট বার্মিংহাম এবং সলিহাল্ (এবং ট্যাক্সিহাস)  
টেলিফোন: 0121 784 6644
- সাউথ বার্মিংহাম  
টেলিফোন: 0121 4862663
- কভেন্ট্রী  
টেলিফোন: 02476 602177
- ডাডলী  
টেলিফোন: 0121 567 3000
- স্যান্ডওয়েল  
টেলিফোন: 0121 567 3000
- উলভারহাম্পটন  
টেলিফোন: 01902 421515
- ওয়ালসল্  
টেলিফোন: 01922 402232
- মিনিকম (সকল এলাকার জন্য)  
টেলিফোন: 0121 359 0593

## বিশেষ ছাড়কৃত মূল্যে পাসের বিষয়ে তথ্যাদি

আপনি যদি মনে করেন যে, একটি রিটার্নড পার্সন্স ফ্রি-পাস বা একটি ব্লাইন্ড/ডিজ্‌এ্যাবেলড পাস আপনি পাবার জন্য যোগ্য যা দিয়ে আপনি বাস, রেইল এবং মেট্রোতে করে ওয়েস্ট মিডল্যান্ডস এর সর্বত্র ভ্রমণ করতে পারেন, তাহলে 0121 200 2787 নম্বরে সেন্ট্রোতে ফোন করুন।

বর্তমানে যারা এগুলো পাবার জন্য যোগ্য:

- পুরুষ এবং মহিলাদের জন্য যাদের বয়স ৬০ থেকে ৬৫ বছর (১৯৪৩ইং সনের ৩১শে মার্চের পরে যারা জন্ম গ্রহণ করেছেন):

### হাফ ফেয়ার ট্র্যাভেল পাস্

- পুরুষ এবং মহিলাদের জন্য যাদের বয়স ৬০ থেকে ৬৫ বছর (১৯৪৩ইং সনের ৩১শে মার্চের পূর্বে যারা জন্ম গ্রহণ করেছেন) এবং ৬৫ বছরের উর্ধে বয়সী সকল পুরুষ এবং মহিলাদের জন্য :

### ফ্রি ফেয়ার ট্র্যাভেল পাস্

- পুরুষ এবং মহিলাদের জন্য যাদের বয়স অবসর গ্রহণের বয়সের চেয়ে কম এবং যারা একটি ব্লাইন্ড/ডিজ্‌এ্যাবেলড পাস পাবার জন্য যোগ্য:

### মিনিমাম হাফ ফেয়ার পাস্

(অতিরিক্ত পয়সা পেমেন্টের মাধ্যমে অথবা লোকাল অথরিটির ইচ্ছাধীন ফ্রি পাস আপগ্রেড করা যেতে পারে)।

## অন্যান্য তথ্যাদি

- অন্যান্য পাবলিক ট্রান্সপোর্ট সার্ভিসের বিষয়ে তথ্যাদি

ওয়েষ্ট মিডল্যান্ডস্ প্যাসেঞ্জার ট্রান্সপোর্ট এক্সেক্টিভ (সেন্ট্রো) “গেটিং এ্যারাউন্ড ইন দি ওয়েষ্ট মিডল্যান্ডস্” নামে একটি পুস্তিকা প্রকাশ করেছে যাতে চলাচলে অক্ষমতা রয়েছে এমনসব লোকদের জন্য পরামর্শ এবং তথ্যাদি রয়েছে।

সচরাচর যেসব বাস এবং রেইল কোম্পানী এবং সার্ভিসসমূহ রয়েছে সেগুলো এবং মিডল্যান্ড মেট্রো, হাসকৃত ভাড়া, ট্যাক্সি এবং প্রাইভেট হায়ার এর প্রাপ্যতা এবং পুরা অঞ্চলটিতে কোথায় কোথায় টয়লেট ব্যবহার করা যাবে, এসব তথ্যাদি এতে দেয়া হয়। সেন্ট্রো ইনফরমেশান অফিস থেকে অথবা 0121 200 2787 (মিনিকম 0121 214 7777) নম্বরে ফোন করে কপি সংগ্রহ করতে পারবেন। সেন্ট্রো ইন্টারনেট সাইট [www.centro.org.uk](http://www.centro.org.uk) থেকেও বিস্তারিত তথ্যাদি পেতে পারেন।

সচরাচর বাস এবং রেইল সার্ভিসের সময়সূচী এবং ভাড়ার বিষয়ে জানার জন্য সেন্ট্রো হট লাইন 0121 200 2700 নম্বরে ক্রীষ্টমাস ডে ছাড়া অন্য যেকোন দিন সকাল ৭টা থেকে রাত ১০.৩০ মিনিট পর্যন্ত ফোন করতে পারবেন।

## চ্যারিটির কার্যাবলীর উন্নয়ন

যদিও ওয়েস্ট মিডল্যান্ডস্ রিং এবং রাইড সমগ্র যুক্তরাজ্যের সব কয়টির মধ্যে সবচেয়ে বড়, তবুও আমরা এটা অবগত আছি যে, সার্ভিসের চাহিদা খুব বেশী এবং দিন দিন তা আরও বাড়ছে।

গড়ে আমাদের নিকট যে সম্পদ (রিসোর্স) আছে তা শুধুমাত্র যারা নিয়মিত যাতায়াত করেন এমন সব সক্রিয় সেবার ব্যবহারকারীদের জন্য প্রতি ছ' সপ্তাহে মাত্র একটি রিটার্ন ট্রিপের ব্যবস্থা করার জন্য পর্যাপ্ত - যা চ্যারিটির বিবেচনায় ব্যবহারকারীদের চাহিদার তুলনায় মোটেই পর্যাপ্ত নয়।

সুতরাং আমরা সেন্ট্রাল গভর্নমেন্ট এবং লোকাল প্যাসেঞ্জার ট্রান্সপোর্ট অথরিটি এ্যান্ড এক্সেক্টিভ (সেন্ট্রো) কর্তৃক চলাফেরায় সীমাবদ্ধ লোকদের চাহিদা মেনে নেয়া এবং সার্ভিসকে বর্ধিত করার জন্য পর্যাপ্ত সম্পদ দিতে সমর্থন আদায়ের জন্য কাজ করছি - বিশেষ করে এমন একটি অবস্থায় যখন সাধারণ জনগণ বার্ষিকের দিকে এগিয়ে যাচ্ছে।

আপনি যদি আমাদের এই মতামতকে সমর্থন করেন, তবে দয়া করে ডিস্ট্রিক্ট এ্যাডভাইজরী গ্রুপের সঙ্গে জড়িত হয়ে বা চ্যারিটির নিকট বা স্থানীয় কাউন্সিলারের নিকট এবং পার্লামেন্টের সদস্যদের নিকট বলার মাধ্যমে আপনার মতামত জানান।

প্রতিবন্ধী লোকদের চলাফেরার জন্য যেসব চাহিদা আছে সেগুলো লোকাল প্রেস এবং টিভিকে জানানো খুব গুরুত্বপূর্ণ সুতরাং আপনি রিং এবং রাইড থেকে ভাল সার্ভিস পেলে দয়া করে তাদেরকে তা জানাবেন।

**যোগাযোগের জন্য আমাদের ঠিকানা:**

West Midlands Special Needs Transport  
218-220 Windsor Street, Birmingham B7 4NE  
টেলিফোন: 0121 333 3107

Ring and Ride

রিং এবং রাইড

ওয়েস্ট মিডল্যান্ডস্ স্পেশাল নীডস্ ট্রান্সপোর্ট

রিজিষ্টার্ড চ্যারিটি নং - 700370

ইমেইল: [enquiries@ringandride.co.uk](mailto:enquiries@ringandride.co.uk)

ওয়েবসাইট: [www.ringandride.org](http://www.ringandride.org)